# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৫১৪

১৩/ বিচার ও বিধান (كتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৯৪. মুদাববার (প্রতিশ্রুতিপ্রাপ্ত দাস) সম্পর্কে

بَاب الْمُدَبَّرِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ ظَبْيَانَ، عَنْ عُبَيْدِ اللَّهِ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " الْمُدَبَّرُ مِنَ الثُّلُثِ " . قَالَ ابْنُ مَاجَهْ سَمِعْتُ عُثْمَانَ ـ يَعْنِي ابْنَ أَبِي شَيْبَةَ ـ يَقُولُ هَذَا خَطَأٌ يَعْنِي حَدِيثَ " الْمُدَبَّرُ مِنَ الثُّلُثِ " . قَالَ أَبُو عَبْدِ اللَّهِ لَيْسَ لَهُ أَصْلٌ .

বাংলা

৩/২৫১৪। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ মুদাববার (মৃতের) সম্পদের এক-তৃতীয়াশের অন্তভুক্ত। ইমাম ইবনে মাজা (রাঃ) বলেন, আমি উছমান ইবনে আবূ শায়বা (রাঃ) কে বলতে শুনেছি যে, ’’মুদাববার মৃতের (সম্পদের) এক-তৃতীয়াংশের অন্তর্ভূক্ত’’ শীর্ষক হাদীছটি ভুল। আবূ আবদুল্লাহ ইবনে মাজা (রাঃ) বলেন, এ হাদীসের কোন ভিত্তি নেই।

## English

It was narrated from Ibn`Umar that the Prophet (ﷺ) said:
“The Mudabbar is part of the one third of the estate.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফাহ ১৬৪, যইফ আল-জামি' ৫৯১৮।

তাহকীক আলবানীঃ বানোয়াট। উক্ত হাদিসের রাবী আলী বিন যাবইয়ান সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি মিথ্যার সাথে জড়িত। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় খুবই দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল

কামালঃ রাবী নং ৪০৯২, ২০/ ৪৯৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=43130

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন